

## বিপন্ন বন্যপ্রাণী সুরক্ষা সচেতনতায় নতুন অ্যামেনিটি কিট উন্মোচন করল এমিরেটস

- A Monitor Desk Report

Date: 23 December, 2025



দুবাইঃ এমিরেটস ডিসেম্বর থেকে বিশ্বব্যাপী দুরপাল্লার রাতের ফ্লাইটগুলোতে প্রিমিয়াম ইকোনমি ও ইকোনমি শ্রেণীর যাত্রীদের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য নতুন অ্যামেনিটি কিট চালু করেছে। ইউনাইটেড ফর ওয়াইল্ডলাইফের সহযোগিতায় ক্যাকটাসসহ বিভিন্ন জৈবভিত্তিক উপকরণ দিয়ে তৈরি পুনর্ব্যবহারযোগ্য এসব কিট নকশা করা হয়েছে, লক্ষ্য হলো বিশ্বের সবচেয়ে বিপন্ন কিছু প্রাণীর বিষয়ে সচেতনতা বৃদ্ধি।

২০২১ সালে চালু হওয়ার পর এই প্রথম এমিরেটসের প্রিমিয়াম ইকোনমি শ্রেণীতে আলাদা অ্যামেনিটি কিট যুক্ত হলো। রিট-স্ট্র্যাপসহ এই কিটে থাকছে প্রয়োজনীয় ভ্রমণ ও ওয়েলনেসের সামগ্রী মোজা, আইশেড, ইয়ারপ্লাগ, কোলগেট ডেন্টাল কিট এবং উদ্ভিদ-ভিত্তিক স্কিনকেয়ার পণ্য, যা সরবরাহ করছে অ্যাভেদা (Aveda)।

ইকোনমি শ্রেণী যাত্রীরাও পাবেন নতুন নকশার রঙিন কিট, যেটিতে আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করার প্রয়োজনীয় সামগ্রী রয়েছে। মোজা ও আইশেডসহ বেশ কয়েকটি উপাদান ১০০% পুনর্ব্যবহৃত পোস্ট-কনজ্যুমার পলিয়েস্টার দিয়ে তৈরি।

প্রতিটি সংগ্রহযোগ্য পাউচে সমুদ্র, আকাশ, বন ও মরুভূমি এই চারটি প্রাকৃতিক আবাসকে ভিত্তি করে রয়েছে হাতে আঁকা শিল্পকর্ম। সঙ্গে থাকা স্টোরি কার্ডে বেঙ্গল টাইগার, আফ্রিকান গ্রে প্যারট, প্যাঞ্জোলিন, সবুজ সামুদ্রিক কচ্ছপ, মান্টা রে ও আরবিয়ান ওরিক্সসহ বিভিন্ন বিপন্ন প্রাণীর গল্প তুলে ধরা হয়েছে।

পরিবেশগত টেকসইতা কাঠামো সমর্থনকারী এমিরেটসের এই উদ্যোগ ইউনাইটেড ফর ওয়াইল্ডলাইফ ট্রান্সপোর্ট টাক্সফোর্সের সদস্য হিসেবে অবৈধ বন্যপ্রাণী বাণিজ্য রোধে এয়ারলাইনের চলমান অঙ্গীকারকে আরও জোরালো করেছে। এ ছাড়াও যাত্রীরা এমিরেটসের ইনফ্লাইট বিনোদন ব্যবস্থা ‘আইস’-এ Guardians Series দেখে যাত্রীরা বিশ্বজুড়ে বন্যপ্রাণী রেঞ্জার ও সংরক্ষণে নিয়োজিত এবং বিশেষ অবদান রাখছেন এমন ব্যক্তিদের কর্মকান্ড সম্পর্কেও জানতে পারবেন।

